

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন


## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখ্ৰাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ০৬/২০২৩  
সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

তারিখঃ ০২/০২/২০২৩ খ্রিঃ

কাস্টমস: অটোমেশন শাখা, জাতীয় রাজস্ব বোর্ড, এর নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৫৩৯, তারিখঃ ৩০/০১/২০২৩ খ্রিঃ সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

  
মোঃ মিজানুর রহমান  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
সেগুনবাগিচা, ঢাকা।  
[কাস্টমসঃ অটোমেশন শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.০৬.০০২.২২/৫৩৯

তারিখঃ ৩০.০১.২০২৩ খ্রিঃ

বিষয়ঃ আমদানিকারকের মনোনীত সিএন্ডএফ এজেন্টদের তালিকা অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের সময়সীমা।

সূত্রঃ ১। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০/৫০৩, তারিখঃ ২০.১১.২০২২ খ্রিঃ।

২। জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং- ০৮.০১.০০০০.০৯১.৫১.০০১.১৯/৫২৪, তারিখঃ ১৫.০১.২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে শুদ্ধায়নের কাজে নিয়োজিত কর্মকর্তাদের কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং, কোন ক্ষেত্রে অনিয়ম সংঘটিত হলে দায়ী ব্যক্তিদের সহজে চিহ্নিতকরণ এবং রাজস্ব ফাঁকি রোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে প্রতিটি আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট সুনির্দিষ্টকরণের কার্যক্রম বিগত ০৩.০৮.২০২২ খ্রিঃ তারিখ হতে শুরু হয়েছে। এর ফলে জাল জালিয়াতির মাধ্যমে পণ্য খালাসের বিষয়টি সহজেই চিহ্নিত করা সম্ভব হচ্ছে। সর্বোপরি শুদ্ধায়ন কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হচ্ছে।

০২। IM-7 অর্থাৎ বন্ডেড ওয়্যারহাউস সুবিধায় আমদানিকৃত পণ্যের আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্টদের অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে সংযুক্তকরণের বিষয়টির সময়সীমা আগামী ১৫.০২.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। উক্ত তারিখের পর অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে আমদানিকারকের বিপরীতে মনোনীত সিএন্ডএফ এজেন্ট সংযুক্তকরণের আবেদন গ্রহণ করা হবে না। এছাড়া, সংযুক্তি নেই এমন সিএন্ডএফ এজেন্টগণ অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমে IM-7 সংশ্লিষ্ট কোন ধরনের কার্যক্রম গ্রহণ করতে পারবেন না। এমতাবস্থায়, IM-7 এর অধীনে খালাস করা হয় এমন প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে তাদের মনোনীত সিএন্ডএফ প্রতিষ্ঠান সংযুক্তকরণের বিষয়টি নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৩। বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

স্বাঃ/-  
রাকিবুল হাসান  
প্রথম সচিব  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।  
ফোন- ০২-৪৮৩১৮১২০-৬/এক্স-৪১১  
ই-মেইল-ss.asycuda@gmail.com